

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ 850

১/ বিবিধ

আরবী

التراب ربيع الصبيان

موضوع

رواه الطبراني في " الكبير " (5775) وابن عدي (1 / 311) عن محمد بن مخلد الحمصي حدثنا مالك بن أنس عن أبي حازم عن سهل بن سعد قال: مر النبي صلى الله عليه وسلم بالصبيان وهم يلعبون بالتراب فنهاهم عمر بن الخطاب فقال النبي صلى الله عليه وسلم: دعهم يا عمر فإن التراب ... وقال ابن عدي: وهذا حديث منكر بهذا الإسناد، ومحمد بن مخلد هذا يحدث عن مالك وغيره بالبواطيل قلت: وعد الذهبي هذا الحديث من أباطيله، وساق له حديثا آخر قال فيه: وهو كذب ظاهر، سيأتي تخريجه برقم (1252) والحديث عزاه الهيثمي في " المجمع " (8 / 159) للطبراني

وقال: وفيه محمد بن مخلد الرعيني وهو متهم بهذا الحديث وغيره

قال السخاوي (ص 74)

ورواه القضاعي من حديث مالك بن سعيد عن مالك عن نافع عن ابن عمر به، وقال الخطيب: إن المتن لا يصح. قلت: وإسناده عند القضاعي في " مسند الشهاب " (18 / 1) هكذا: أخبرنا أبو القاسم يحيى بن أحمد بن علي بن الحسين قال: أخبرنا جدي علي بن الحسين بن بندار قال: أخبرنا علي بن عبد الحميد الغضائرى قال: أخبرنا محمد بن يوسف الفريابي بمكة قال: أخبرنا مالك بن سعيد به

قلت: الغضائري هذا ترجمه السمعاني في " الأنساب " وقال: وكان من الصالحين الزهاد الثقات ومن فوقه ثقات معروفون من رجال التهذيب، وأما أبو القاسم وجده علي بن الحسين بن بندار فلم أجد من ترجمهما، وفي " الميزان و" اللسان ": علي بن الحسن بن بندار الإستراباذي عن خيثة الأطرابلسي أتهمه محمد بن طاهر قلت: فيحتمل أن يكون هو هذا، فإنه من هذه الطبقة، وعليه تحرف اسم أبيه الحسن بن الحسين في " المسند "، والله أعلم

বাংলা

৪১০। মাটি হচ্ছে বাচ্চাদের বসন্তকালীন বৃষ্টি (ঘাস)।

হাদীসটি জাল।

এটি তাবারানী “মুজামুল কাবীর” গ্রন্থে (৫৭৭৫) এবং ইবনু আদী (১৩১১) মুহাম্মাদ ইবনু মিখলাদ হিমসী হতে ... বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ এ সনদে হাদীসটি মনুকার, মুহাম্মাদ ইবনু মিখলাদ মালেক ও অন্যদের থেকে বাতিল হাদীস বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ যাহাবী এ হাদীসটিকে বাতিল হিসাবে গণ্য করেছেন এবং তার অন্য একটি হাদীস উল্লেখ করে বলেছেনঃ এটি সুস্পষ্ট মিথ্যা। সেটির বিবরণ (১২৫২ নং) হাদীসে আসবে ইনশাআল্লাহ। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/১৫৯) বলেনঃ এটির সনদে মুহাম্মাদ ইবনু মিখলাদ রয়েছেন। এ হাদীসসহ অন্যান্য হাদীস দ্বারা তিনি মিথ্যার দোষে দোষী।

হাদীসটি অন্য একটি সূত্রে কাযাঈ বর্ণনা করেছেন। সেটির সনদে আবুল কাসেম ইয়াহইয়া ইবনু আহমাদ ইবনে আলী ইবনিল হুসাইন রয়েছেন। তিনি তার দাদা আলী ইবনুল হুসাইন ইবনে বুন্দার হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আবুল কাসেম এবং তার দাদা আলী ইবনুল হুসাইন ইবনে বুন্দারের জীবনী পাচ্ছি না। “আল-মীযান” এবং “আল-লিসান” গ্রন্থে যার জীবনী এসেছে, তিনি হচ্ছেন আলী ইবনুল হাসান ইবনে বুন্দার ইসতিরাবায়ী। তাকে ইবনু তাহের মিথ্যার দোষে দোষী করেছেন। সম্ভবত এ আলী ইবনুল হাসানই হচ্ছেন আলী ইবনুল হুসাইন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67995>

🔗 হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন